



## ২০১৩ সালের মাস্টার্স ১মপর্ব প্রাইভেট রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

তারিখঃ ৩০/০৩/১৫খ্রিঃ

২০১৩ সালের এমএ/এমএসএস/এমবিএস মাস্টার্স ১ম পর্ব প্রাইভেট রেজিস্ট্রেশনে অংশগ্রহণেচ্ছুক ছাত্রীদের জানানো যাচ্ছে যে, তাদের রেজিস্ট্রেশন সংক্রান্ত কার্যক্রম নিম্নবর্ণিত সময় সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে।

অফিস চলাকালীন সময় নির্ধারিত ফিসের টাকা প্রশাসনিক ভবনের নীচ তলায় রেজি:শাখায় জমা দিয়ে, আবেদন ফরম গ্রহণ পূর্বক যথাযথ ভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে একসেট ফটোকপিসহ মোট দুই সেট রেজিস্ট্রেশন শাখায় জমা দিতে হবে।

## ০১। ফি জমা, আবেদন ফরম গ্রহণ ও জমাদানের সময়সূচী :

(ক) তারিখ : ০৫/০৪/২০১৫ইং হতে ২৫/০৪/২০১৫ইং পর্যন্ত (সময় সকাল- ৯:৩০ থেকে দুপুর ২:০০টা পর্যন্ত)

(খ) ফিসের পরিমাণ : ১৩০০/-

## ০২। ভর্তির যোগ্যতা :

(ক) জাতীয় বিশ্ববিদ্যালয় হতে ২০১২ সাল অথবা তৎপূর্বে ৩ বৎসর মেয়াদী ডিগ্রী (পাস)/সমমান পরীক্ষায় কমপক্ষে ৩য় বিভাগে উত্তীর্ণ প্রার্থীগণ ২০১৩ সালের স্নাতকোত্তর ১মপর্ব প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

(খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ৩ বছর মেয়াদী অনার্স কোর্সে কমপক্ষে ৩য় শ্রেণী প্রাপ্ত/ ৪ বছর মেয়াদী অনার্স কোর্সে পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীগণও স্নাতকোত্তর ১মপর্ব প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

(গ) ডিগ্রী (পাস)/ সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ ২০১২ সাল অথবা তৎপূর্বে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সার্টিফিকেট কোর্স (৪০০ নম্বর সম্মিলিত) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ স্নাতকোত্তর ১মপর্ব প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

(ঘ) বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়/ ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে ২০১২ বা তৎপূর্বে ৩ বছর মেয়াদী ডিগ্রী (পাস) কোর্স/ ৩ বছর মেয়াদী ফাজিল পরীক্ষায় কমপক্ষে ৩য় বিভাগে উত্তীর্ণ প্রার্থীগণ স্নাতকোত্তর ১মপর্ব প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

## ৩। বিষয় নির্বাচন :

(ক) মাস্টার্স ১মপর্ব কোর্স (প্রাইভেট) রেজিস্ট্রেশনের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত বিষয়সমূহ:

বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলাম:ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, ইসলামী শিক্ষা, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, ফিন্যান্স, মার্কেটিং, আরবি, সংস্কৃত ও পালি।

(খ) ব্যবহারিক ক্লাস বা মাঠকর্ম সম্মিলিত বিষয়ে মাস্টার্স ১মপর্ব (প্রাইভেট) কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন গ্রহণযোগ্য নয়।

(গ) ডিগ্রী পাস কোর্সে পঠিত ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/ ইতিহাস বিষয়ের সমগোত্রীয় বিষয় হিসাবে ইতিহাস/ ইসলামে ইতিহাস ও সংস্কৃতি বিষয়টি গন্য করা যাবে।

(ঘ) নুনতম ৪০০ নম্বরের বাংলা ও ইংরেজী ব্যতীত আবশ্যিক বাংলা ও ইংরেজী বিষয় নিয়ে সরাসরি অত্র কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করা যাবে না।

(ঙ) মাস্টার্স ১মপর্ব প্রাইভেট পরীক্ষার্থীদের পরীক্ষায় অংশ গ্রহণের ক্ষেত্রে নিয়মিত পরীক্ষার্থীদের জন্য নির্ধারিত পাঠ্যসূচী অনুসরণ করতে হবে।

## ৪। প্রয়োজনীয় কাগজপত্র (পূরণকৃত আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে) :

ক) এস.এস.সি / সমমান, এইচ.এস.সি/সমমান, ডিগ্রী/সমমান পাশের সনদপত্র ও নম্বর পত্রের সত্যায়িত ফটোকপি;

খ) ডিগ্রী/সমমান পাশের রেজি:কার্ডের সত্যায়িত ফটোকপি;

গ) সাম্প্রতিক তোলা পাসপোর্ট আকারের এক কপি সত্যায়িত ছবি আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে স্ট্যাপলার দিয়ে সংযুক্ত করতে হবে এবং অন্য দুই কপি ছবি ফটোকপি সেটের সাথে স্ট্যাপলার করে দিতে হবে।

ঘ) ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদপত্র।

ঙ) বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়/ ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে উত্তীর্ণ ছাত্রীদের মাইগ্রেশন সনদের সত্যায়িত ফটোকপি।

বিঃদ্রঃ স্নাতকোত্তর ১মপর্ব (প্রাইভেট) কোর্সে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীন ভাবে ০৩ শিক্ষাবর্ষ। ১মপর্ব (প্রাইভেট) কোর্সে উত্তীর্ণ হওয়ার পরবর্তী ০২ শিক্ষাবর্ষের মধ্যে স্নাতকোত্তর শেষপর্ব (প্রাইভেট) কোর্সে রেজিস্ট্রেশন করতে হবে। অন্যথায় স্নাতকোত্তর ১মপর্ব পরীক্ষার ফলাফল বাতিল বলে গন্য হবে। স্নাতকোত্তর শেষপর্বেরও রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীন ভাবে ৩ শিক্ষাবর্ষ।

(প্রফেসর হোসনে আরা) ৩০/৩/১৫

ইডেন মহিলা কলেজ, ঢাকা